



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২১/১০/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক নকল প্রসাধনী কারখানা এবং  
নকল ব্যাটারী তৈরীর কারখানায় অভিযান



ঘটনা-১ : অদ্য ২১-১০-২০২০ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশে অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে পুলিশ পরিদর্শক জনাব সামিউল আলম, এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) আবু ছাইয়ুম তালুকদার, এসআই( নিঃ) তসলিম উদ্দিন, এএসআই ( নিঃ) রাহেনুল ইসলাম, কং/ আজিজুল, কং/ শাহীনুর, কং/মোঃ রফিক উদ্দিন কোতয়ালী থানাধীন ২৭ নং ওয়ার্ডস্থ রেলস্টেশন মুসলিম পাড়া সালফেট ক্যাম্প জৈনিক মোঃ আসলাম এর বসত বাড়ীর ভিতরে (ভাড়া দেওয়া) অভিযান পরিচালনা করে বিপুল পরিমাণে-

- ১) নকল ভলভো প্লাস ব্যাটারীর পানি।
- ২) নকল ভলভো প্লাস ব্যাটারীর পানি তৈরীর মেশিনপত্রসহ বিপুল পরিমাণ নকল তৈরি সামগ্রী জব্দ করেন।  
(যাহার অনুমান মূল্য ১ লক্ষ ৫০ হাজার টাকা)

পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মাহমুদ হাসান মৃধা ভ্রাম্যমান আদালতের মাধ্যমে কারখানার মালিক মোঃ মোহসিন মাস্টার (৩৫), পিতা মনচুর আলী, সাং- জুমা পাড়া-কে ৫ হাজার টাকা জরিমান করেন ও অনাদায়ে এক মাসের কারাদণ্ড প্রদানের আদেশ দেন এবং কারখানার সমস্ত উৎপাদন বন্ধ করার আদেশ দেন।

ঘটনা-১ : অদ্য ২১-১০-২০২০ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশে অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে এসআই(নিঃ) গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই( নিঃ) নাজমুল ইসলাম, কং/হবিবর, কং/ শাহাজাহান, কং/মোঃ রফিক উদ্দিন কোতয়ালী থানাধীন ২৭ নং ওয়ার্ডস্থ রেলস্টেশন মুসলিম পাড়া সালফেট ক্যাম্প জৈনিক ময়েজখান (৬৫) এর বাসায় অভিযান পরিচালনা করে বিপুল পরিমাণে-

১. নকল শাহী দরবার আতর
২. নকল গুরুদেভ তৈরি ইন্ডিয়া
৩. নকল চম্পা ফ্লাওয়ার আগর বাতি
৪. নকল মক্কা কেমিক্যাল নামের গোলাপ জল
৫. নকল ব্লাক স্টোন নামে সুগন্ধি
৬. নকল ডি লাভ নামের সুগন্ধি
৭. নকল লর্ড নামের সুগন্ধি
৮. লিকুইড পেরাফিন ক্যামিক্যাল সহ বিপুল পরিমাণ নকল সুগন্ধি ও তৈরি সামগ্রী জব্দ করেন।  
(যাহার অনুমান মূল্য ১ লক্ষ টাকা)

পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মাহমুদ হাসান মৃধা ভ্রাম্যমান আদালতের মাধ্যমে কারখানার মালিককে ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের কারাদণ্ড প্রদান করেন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ( ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)

২১.১০.২০২০  
(উত্তম প্রসাদ পাঠক)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৭৬৯-৬৯৫৪০৯